

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

“উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র”

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৪.০৮০.১৬-১০৫

তারিখঃ ৩১/০১/২০১৮খ্রিঃ

প্রেরকঃ এ. কে. এম. আনিছুল্জামান
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতে বরাদ্দকৃত অর্থ হতে যান-যন্ত্রপাতি ক্রয় উপ-খাত থেকে গার্বের্জ ডাম্প ট্রাক ক্রয়ের জন্য ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ মঞ্জুরী প্রদান প্রসঙ্গে

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতে বরাদ্দকৃত ৪৪০.০০ (চারশত চল্লিশ) কোটি টাকা হতে যান-যন্ত্রপাতি ক্রয় উপ-খাত থেকে গার্বের্জ ডাম্প ট্রাক ক্রয়ের নিমিত্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ৩৭,৫০,০০,০০০/- (সাতত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০৩। ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত ৫/৩৭০১/৫০২০/৭৯৮১ (আইবাস এন্টি কোড-৭৯৮১) হতে এ ব্যয় মিটানো হবে।

০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।


০৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০৬। মঞ্জুরীকৃত অর্থ উপরোল্লিখিত কাজে ব্যয় করতে হবে। অন্য কোন কাজে ব্যয় করা যাবে না।

০৭। মঞ্জুরীকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০৮। এ অর্থ ছাড় করণে অর্থ বিভাগ কর্তৃক ২৯/০১/২০১৮খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৭.২০১১-৩৩ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

০৯। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা কর্তৃক এ অর্থ উত্তোলন করতে হবে।



(এ. কে. এম. আনিছুল্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪০৫৬

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৪.০৮০.১৬-১০৫

তারিখঃ ৩১/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় {দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১)}।
- ০২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ।


(এ. কে. এম. আনিছুল্জামান)
সিনিয়র সহকারী সচিব